



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

ঢাকা-১০০০

Website: www.bb.org.bd

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ

তারিখ : ২৩ আষাঢ় ১৪৩২
০৭ জুলাই ২০২৫

ডিএফআইএম সার্কুলার নং-০৩

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যরত সকল ফাইন্যান্স কোম্পানি

প্রিয় মহোদয়,

**শেয়ার ও ইকুইটি, বন্ড ও ডিবেঞ্চার, মিউচুয়াল ফান্ড এবং
কমার্শিয়াল পেপারে বিনিয়োগের বিপরীতে সংস্থান সংরক্ষণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে ডিএফআইএম সার্কুলার নং-০২, তারিখঃ ৩১ জানুয়ারি ২০১২, ডিএফআইএম সার্কুলার নং-০৫, তারিখঃ ১১ মে ২০১৫ এবং ডিএফআইএম সার্কুলার লেটার নং-০২, তারিখঃ ২৭ ফেব্রুয়ারি ২০২০-এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

ফাইন্যান্স কোম্পানিসমূহ কর্তৃক প্রস্তুতকৃত বিবরণীসমূহে তাদের আর্থিক অবস্থার যথাযথ প্রতিফলন নিশ্চিতকরণের লক্ষ্যে ঋণ/লিজ-এর পাশাপাশি শেয়ার ও ইকুইটি, বন্ড ও ডিবেঞ্চার, মিউচুয়াল ফান্ড এবং কমার্শিয়াল পেপারে বিনিয়োগ এবং তাদের সাবসিডিয়ারী/সহযোগী প্রতিষ্ঠানে ইকুইটি বিনিয়োগে প্রযোজ্য ক্ষেত্রে যথাযথ সংস্থান (প্রভিশন) হিসাবায়ন প্রয়োজন। এতদপ্রেক্ষিতে, ফাইন্যান্স কোম্পানিসমূহ কর্তৃক উল্লিখিত বিনিয়োগ সংশ্লিষ্ট ঝুঁকির বিপরীতে সংস্থান সংরক্ষণের বিষয়ে নিম্নরূপ নির্দেশনাবলী জারি করা হলো :

১। **তালিকাভুক্ত সিকিউরিটিজে বিনিয়োগের বিপরীতে সংস্থান সংরক্ষণ :** তালিকাভুক্ত প্রতিষ্ঠানের শেয়ার ও ইকুইটি, বন্ড ও ডিবেঞ্চারে বিনিয়োগের ক্ষেত্রে বর্ণিত সিকিউরিটিজসমূহের বাজারমূল্য ক্রয়মূল্য (Cost Price) অপেক্ষা কম হলে দু'য়ের পার্থক্যকে 'বিনিয়োগজনিত ক্ষতি' হিসেবে চিহ্নিত করতঃ ভিত্তি তারিখে সমপরিমাণ সংস্থান সংরক্ষণ করতে হবে। এক্ষেত্রে, প্রত্যেক তহবিলের (শেয়ার ও ইকুইটি, বন্ড ও ডিবেঞ্চার) পৃথক gain/loss net off করে সংস্থান সংরক্ষণ করা যাবে।

২। **অ-তালিকাভুক্ত সিকিউরিটিজে বিনিয়োগের বিপরীতে সংস্থান সংরক্ষণ :** পুঁজিবাজারে তালিকাভুক্ত নয় এমন প্রতিষ্ঠানের ইকুইটি শেয়ার, প্রেফারেন্স শেয়ার এবং বন্ড ও ডিবেঞ্চার-এ বিনিয়োগের বিপরীতে সংস্থান সংরক্ষণের বিষয়ে নিম্নবর্ণিত নীতিমালা প্রযোজ্য হবে :

২.১. অ-তালিকাভুক্ত প্রতিষ্ঠানের ইকুইটি শেয়ারে (সাবসিডিয়ারী ও সহযোগীসহ) বিনিয়োগের ক্ষেত্রে ভিত্তি তারিখে উক্ত ইকুইটি শেয়ারের (প্রেফারেন্স শেয়ার ব্যতীত) মূল্য তাদের সর্বশেষ নিরীক্ষিত আর্থিক বিবরণী অনুযায়ী নীট সম্পদ মূল্য (Net Asset Value)-এর ভিত্তিতে নির্ধারিত হবে। এই পদ্ধতিতে শেয়ারের নির্ধারিত মূল্য উক্ত শেয়ারের ক্রয়মূল্য (Cost Price) অপেক্ষা কম হলে, দু'য়ের পার্থক্য 'বিনিয়োগজনিত ক্ষতি' হিসেবে বিবেচিত হবে এবং সমপরিমাণ সংস্থান সংরক্ষণ করতে হবে।

এছাড়া, কোনো ফাইন্যান্স কোম্পানি যদি এমন কোনো প্রতিষ্ঠানের ইকুইটি শেয়ারে বিনিয়োগ করে থাকে, যাদের ধারাবাহিকভাবে ভিত্তি তারিখ পূর্ববর্তী তিন বছরের নিরীক্ষিত আর্থিক বিবরণী নেই অথবা বিনিয়োগকৃত কোম্পানিটির কোনো অস্তিত্ব নেই অথবা ধারাবাহিকভাবে তিন বছর কোনো মুনাফা প্রদান করেনি, এরূপ ক্ষেত্রে উক্ত প্রতিষ্ঠানে বিনিয়োগের সমপরিমাণ সংস্থান সংরক্ষণ করতে হবে।

২.২. অ-তালিকাভুক্ত প্রতিষ্ঠানের নন-কনভার্টিবল প্রেফারেন্স শেয়ার, বন্ড ও ডিবেঞ্চারে বিনিয়োগের ক্ষেত্রে কোনো হিসাববর্ষ শেষে উক্ত প্রতিষ্ঠান কর্তৃক প্রদেয় সুদ/লভ্যাংশ (নগদ) ফাইন্যান্স কোম্পানি না পেয়ে থাকলে বর্ণিত সিকিউরিটিজসমূহে বিনিয়োগের বিপরীতে সুদ/লভ্যাংশ (নগদ) অনাদায়ী হওয়ার পর বিনিয়োগ হিসাবে প্রদর্শিত মূল্য (Cost Price)-এর উপর নিম্নরূপে সংস্থান সংরক্ষণ করতে হবে :

ক. প্রথম হিসাববর্ষ শেষে ২৫%;

খ. দ্বিতীয় হিসাববর্ষ শেষে ৫০%;

গ. তৃতীয় হিসাববর্ষ শেষে ১০০%; এবং

ঘ. স্বল্পমেয়াদি বন্ড/ডিবেঞ্চগরের ক্ষেত্রে মেয়াদপূর্তিতে সমুদয় অর্থ ফেরত পাওয়া না গেলে মেয়াদপূর্তির অব্যবহিত হিসাববর্ষ হতে ১০০% সংস্থান সংরক্ষণ করতে হবে।

২.৩. অনুচ্ছেদ নম্বর ২.২-এ বর্ণিত বিনিয়োগের বিপরীতে প্রাপ্য সুদ (বিনিয়োগের উপর ধার্যকৃত সুদ যা আদায় হয়নি)-এর দফাসমূহ সৃষ্টির তারিখ হতে ০৬ (ছয়) মাস বা তদূর্ধ্ব কিন্তু ০১(এক) বছরের কম সময়কাল পর্যন্ত অসমন্বিত থাকলে তা সন্দেহজনক মানে শ্রেণিকরণপূর্বক এর বিপরীতে ৫০% এবং ০১(এক) বছর বা তদূর্ধ্ব সময়কাল পর্যন্ত অসমন্বিত থাকলে মন্দ/ক্ষতিজনক মানে শ্রেণিকরণপূর্বক এ সকল দফার বিপরীতে ১০০% সংস্থান সংরক্ষণ করতে হবে।

৩। উল্লিখিত তালিকাভুক্ত কিংবা অ-তালিকাভুক্ত সিকিউরিটিজে বিনিয়োগের বিপরীতে প্রাপ্য লভ্যাংশ নগদ আদায় ব্যতীত আয়খাতে স্থানান্তর করা যাবে না।

৪। এতদ্ব্যতীত, মিউচুয়াল ফান্ডে বিনিয়োগের বিপরীতে সংস্থান সংরক্ষণের বিষয়ে জারিকৃত এ বিভাগের ১১ মে ২০১৫ তারিখের ডিএফআইএম সার্কুলার নং-০৫ এবং কমার্শিয়াল পেপারে বিনিয়োগের বিপরীতে সংস্থান সংরক্ষণের বিষয়ে ২৭ ফেব্রুয়ারি ২০২০ তারিখের ডিএফআইএম সার্কুলার লেটার নং-০২ এর মাধ্যমে জারিকৃত “গাইডলাইনস্ অন কমার্শিয়াল পেপার ফর ফাইন্যান্সিয়াল ইনস্টিটিউশনস্” অনুযায়ী অথবা সময়ে সময়ে উক্ত সার্কুলার/নীতিমালার পরিবর্তিত সিদ্ধান্ত অনুযায়ী বর্ণিত সিকিউরিটিজসমূহে বিনিয়োগের বিপরীতে সংস্থান সংরক্ষণ সংশ্লিষ্ট নির্দেশনা অনুসরণের বিষয়টি নিশ্চিত করতে হবে।

৫। উপরিউক্ত নির্দেশনার আলোকে ফাইন্যান্স কোম্পানিসমূহ ত্রৈমাসিক ভিত্তিতে (মার্চ, জুন, সেপ্টেম্বর এবং ডিসেম্বর) শেয়ার ও ইকুয়িটি, বন্ড ও ডিবেঞ্চগর, মিউচুয়াল ফান্ড এবং কমার্শিয়াল পেপারে বিনিয়োগের বিপরীতে যথাযথ সংস্থান সংরক্ষণ করবে।

৬। ফাইন্যান্স কোম্পানিসমূহ নির্ধারিত ত্রৈমাসিক সমাপনান্তে পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে বর্ণিত সিকিউরিটিজে বিনিয়োগের বিপরীতে সংস্থান সংরক্ষণ সংশ্লিষ্ট বিবরণী (হার্ডকপি ও সফটকপি) সংযুক্ত টেমপ্লেট ([Annex-A](#)) অনুযায়ী বাংলাদেশ ব্যাংকের আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগে প্রেরণ করবে। এছাড়া, বার্ষিক আর্থিক বিবরণীতে বর্ণিত সিকিউরিটিজসমূহে বিনিয়োগের বিপরীতে সংস্থানের বিশদ প্রতিফলন নিশ্চিত করবে।

৭। ফাইন্যান্স কোম্পানি আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৯ নং আইন)-এর ৪১(২)(ঘ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো, যা সেপ্টেম্বর/২০২৫ ত্রৈমাসিক হতে কার্যকর হবে।

সংযুক্তিঃ ০৩ (তিন) পাতা।

আপনাদের বিশ্বস্ত,



(গৌতম কুমার ঘোষ)

পরিচালক (ডিএফআইএম)

ফোনঃ ৯৫৩০১৭৮

Statement Regarding Provision Maintenance Against Investment in Listed Securities

Name of the Finance Company:

Reporting Date:

1. Equity Share									
SL	Name of Company	Total No. of shares held under own portfolio	Average cost price	Cost price of investment	Market price (last traded price)	Market price of investment	Required provsion	Maintained provision	Provision shortfall/excess
	1	2	3	4=2*3	5	6=2*5	7=4-6	8	9=8-7
1									
2									
...									
Total									

2. Bond/Debenture									
SL	Name of Bond/ Debenture	Total No. of bond/debenture held under own portfolio	Average cost price	Cost price of investment	Market price (last traded price)	Market price of investment	Required provsion	Maintained provision	Provision shortfall/excess
	1	2	3	4=2*3	5	6=2*5	7=4-6	8	9=8-7
1									
2									
...									
Total									

3. Closed-End Mutual Fund												
SL	Name of Mutual Fund	Total Investment			Market price (last traded price)	Market value (MV) of investment	Last NAV _{cmp}	Invested Amount (as per NAV _{cmp}) *	Required Provision		Maintained Provision	Provision shortfall/excess
		No. of units held	Average cost price	Cost price (CP) of investment					If 6≥8	If 6<8		
		1	2	3	4=2*3	5	6=2*5	7	8=2*7*0.85	9=4-6	10=4-8	11
1												
2												
...												
Total												

Statement Regarding Provision Maintenance Against Investment in Non-Listed Securities

Name of the Finance Company:

Reporting Date:

4. Equity Share									
SL	Name of Company	Total Investment			NAV _{cmp}	Invested Amount (as per NAV _{cmp})	Required Provision	Maintained Provision	Provision shortfall/excess
		No. of Shares	Acquisition Cost (per share)	Total					
	1	2	3	4=2*3	5	6=2*5	7=4-6	8	9=8-7
1									
2									
...									
Total									

5. Open-End Mutual Fund									
SL	Name of Mutual Fund	No. of Unit Purchased	Average Cost Price	Cost Price (CP) of Investment	Last NAV _{cmp}	Invested Amount (as per NAV _{cmp})	Required provision	Maintained provision	Provision shortfall/excess
	1	2	3	4=2*3	5	6=2*5*0.85	7=4-6	8	9=8-7
1									
2									
...									
Total									

6. Commercial Paper										
SL	Name of Issuer	Name of Commercial Paper	Date of Issue	Invested Amount	Outstanding Balance as on reference date	Due date of Repayment	Classification Status as on reference date	Required provision against Outstanding Balance *	Maintained provision	Provision shortfall/excess
	1	2	3	4	5	6	7	8=5*20%/50%/100%	9	10=9-8
1										
2										
...										
Total										

*N.B. Required provision against Outstanding Balance of CP:
SS=20%, DF=50% & BL=100%. [Reference- DFIM Circular Letter No-02/2020]

7. Non-Convertible Cumulative Preference Share						
Sl	Name of Company	Invested Amount	Dividend Unpaid Since (Month/Year)	Required Provision Against Investment*	Maintained Provision	Provision Shortfall/Excess
	1	2	3	4=2*25%/50%/100%	5	6=5-4
1						
2						
...						
Total						

8. Non-Convertible Cumulative Bond/Debenture														
Sl	Name of Bond/ Debenture	Invested Amount	Coupon Rate (%)	Cumulative Coupon Payment Accrued Till Date	Cumulative Coupon Payment Received Till Date	Last Coupon Payment Date	Coupon Payment Unpaid Since (Month/Year)	Unpaid Coupon Amount		Required Provision			Maintained Provision	Provision Shortfall/Excess
								For 6 to 12 months	For more than 12 months	Against Investment*	Against Unpaid Coupon Amount			
											For 6 to 12 months	For more than 12 months		
	1	2	3	4	5	6	7	8	9	10=2*25%/50%/100%	11=8*50%	12=9*100%	13	14=13-(10+11+12)
1														
2														
...														
Total														

*N.B. Provision Against Investment:

Dividend/Coupon/Interest Unpaid for 1 year or more but less than 2 years= 25%.

Dividend/Coupon/Interest Unpaid for 2 years or more but less than 3 years = 50%.

Dividend /Coupon/Interest Unpaid for 3 years or more = 100%.